

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা



নম্বর ১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০.২৭৭

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৭

০১ অক্টোবর ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: মহামারি করোনা ভাইরাস সংক্রমণ রোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মসজিদ ও অন্যান্য ধর্মীয় উপাসনালয় থেকে নিয়মিতভাবে মাইকে প্রচার প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও মহামারি করোনা ভাইরাস সংক্রমণ অব্যাহত রয়েছে। আগামী শীতকালে ২য় ধাপে করোনা সংক্রমণের হার বৃদ্ধির আশংকা করা হচ্ছে। কিন্তু অনেক ক্ষেত্রে মাস্ক ব্যবহারের ক্ষেত্রে উদাসীনতা লক্ষ্য করা যাচ্ছে এবং মানুষজন মাস্ক ছাড়া মসজিদ ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে প্রবেশ করছে। করোনা মহামারি সংক্রমণ রোধে দেশের সকল মসজিদ থেকে প্রতিদিন মাইকে ও জুমা'র খুতবার সময় এবং অনুরূপভাবে অন্যান্য ধর্মীয় উপাসনালয় থেকে নিম্নলিখিত ঘোষণাসমূহ ব্যাপকভাবে প্রচার করা প্রয়োজন।

ঘোষণাসমূহ:

১. ঘরের বাহিরে গেলে অবশ্যই মাস্ক পরুন;
 ২. কিছুক্ষণ পর পর সাবান ও পানি দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড যাবৎ দুই হাত ভালভাবে পরিষ্কার করুন;
 ৩. জামায়াতে নামাজ আদায় ও অন্যান্য উপাসনাসহ চলাফেরা ও সকল কাজে সামাজিক দূরত্ব দুরত্ব বজায় রাখুন;
 ৪. পাঁচওয়াক্ত নামাজসহ সব সময় মাস্ক পরে মসজিদে প্রবেশের বিষয়টি মসজিদ কমিটি নিশ্চিত করবেন;
 ৫. হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টানসহ অন্যান্য ধর্মের অনুসারিরা আবশ্যিকভাবে মাস্ক পরে উপাসনালয়ে প্রবেশ করবেন;
 ৬. হাঁচি- কাশির সময় টিস্যু অথবা কাপড় ব্যবহার করুন বা বাহুর ভাজে নাক-মুখ ঢেকে রাখুন;
 ৭. করোনা ভাইরাসের উপসর্গ দেখা দিলে ডাক্তারের শরণাপন্ন হোন;
 ৮. গুজব রটাবেন না, গুজবে কান দিবেন না এবং গুজবে বিচলিত হবেন না;
 ৯. সরকারের জারিকৃত বিধি-নিষেধ এবং স্থানীয় প্রশাসনের নির্দেশনা অবশ্যই অনুসরণ করুন।
- ২। দেশের সকল মসজিদ ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ের মাইক থেকে নিয়মিতভাবে উপরে বর্ণিত ঘোষণাসমূহ আবশ্যিকভাবে প্রচার অব্যাহত রাখার জন্য স্থানীয় প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট মসজিদ ও উপাসনালয়ের পরিচালনা কমিটিকে অনুরোধ করা হলো।
- ৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

১-১০-২০২০

সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) সিনিয়র সচিব,, মন্ত্রণালয়/বিভাগ
- ৫) পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
- ৬) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৭) সচিব....., মন্ত্রণালয়/বিভাগ।
- ৮) প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৯) মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই, ঢাকা।
- ১০) প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, তথ্য মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি বাংলাদেশ টেলিভিশনসহ অন্যান্য সকল বেসরকারি টেলিভিশনে টিভি স্ক্রলে প্রচার ও সকল ইলেক্ট্রনিক এবং প্রেস মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)
- ১১) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি সকল জেলা কার্যালয়ের পরিচালক/উপ-পরিচালকদের মাধ্যমে সকল মসজিদে প্রচার এবং করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ সংক্রান্ত লিফলেট মুদ্রণ ও বিতরণের অনুরোধসহ)।
- ১২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১৩) মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ১৪) বিভাগীয় কমিশনার (সকল)
- ১৫) মেট্রোপলিটন পুলিশ কমিশনার (সকল)
- ১৬) উপ-মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ (সকল রেঞ্জ)
- ১৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/গাজীপুর/নারায়ণগঞ্জ/ময়মনসিংহ/কুমিল্লা সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি সিটি কর্পোরেশন এলাকার সকল মসজিদে প্রচারের অনুরোধসহ)
- ১৮) জেলা প্রশাসক (সকল)
- ১৯) পুলিশ সুপার, (সকল)
- ২০) পরিচালক, আইইডিসিআর, মহাখালী, ঢাকা।
- ২১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ২২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ২৩) সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
- ২৪) সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২৫) সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২৬) উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)। (উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ)
- ২৭) সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

- ২৮) সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
- ২৯) সচিব, খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
- ৩০) পরিচালক/উপ-পরিচালক, সকল বিভাগ ও জেলা কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশন।
- ৩১) অফিসার ইনচার্জ, সকল থানা। (উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ)
- ৩২) প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।